

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৯০
করবুক, ২৬ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

করবুক মহকুমায় ভোট কর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত করবুক মহকুমার ৪৩-করবুক (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে তৃতীয় পোলিং অফিসার হিসেবে নিযুক্ত ভোট কর্মীদের নিয়ে আজ প্রথম পর্যায়ের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। করবুক মাল্টিপারপাস হলে আয়োজিত নির্বাচনী মহড়ায় উপস্থিত ছিলেন সরকারি রিটার্নিং অফিসার তথা করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, ডিসিএম ভিক্টর দেববর্মা। আজকের নির্বাচনী মহড়ায় ৭৩ জন ভোট কর্মী অংশগ্রহণ করেন। মহড়ায় প্রশিক্ষণ দেন ডিস্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনার দুঅং মগ, অজয় সাহা, পার্থ দেববর্মা ও সুমল কল্যাণ ভৌমিক।
